

দেশের বড় বিপদ ॥ চারদিকে ষড়যন্ত্র হচ্ছে, রুখতে হবে রাজনৈতিক শক্তি দিয়ে : মান্নান ভূঁইয়া

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥ জাতীয়তাবাদী ছাত্রদলের প্রতিনিধি সম্মেলনে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী এবং বিএনপি মহাসচিব আব্দুল মান্নান ভূঁইয়া বলেছেন, বর্তমানে ছাত্র নেতৃত্বের প্রতি জনগণের কোন আস্থা নেই। এই আস্থা ফিরিয়ে আনার জন্য ছাত্রদলের নেতাকর্মীদের অগ্রণী ভূমিকা পালন করতে হবে। তিনি বলেন, দেশে বড় বিপদ চলছে। চারদিকে ষড়যন্ত্র হচ্ছে। আর এই ষড়যন্ত্রকে রাজনৈতিক শক্তি দিয়ে মোকাবিলা করতে হবে। রবিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসি নিলনায়ডনে অনুষ্ঠিত সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এই কথা বলেন। ছাত্রদল সভাপতি সাহাবুদ্দিন

ছাত্রদলের প্রথম প্রতিনিধি সম্মেলন উদ্বোধন

লালপুর সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে জ্বরও বক্তৃতা করেন, স্বাস্থ্যমন্ত্রী ড. খন্দকার মোশাররফ হোসেন, স্বাস্থ্য প্রতিমন্ত্রী ও বিএনপির ছাত্র বিষয়ক সম্পাদক আমান উল্লাহ আমান। এ সময় বিএনপির যুগ্ম মহাসচিব তারেক রহমান মঞ্চে উপস্থিত থাকলেও বক্তৃতা করেননি। (৭-পৃষ্ঠা ৪-এর কঃ দেখুন)

দেশের বড় বিপদ

(প্রথম পাতার পর)

অনুষ্ঠান পরিচালনা করেন ছাত্রদলের সাধারণ সম্পাদক আজিজুল বারী হোসেন। শোক প্রস্তাব পাঠ করেন সাংগঠনিক সম্পাদক শফিউল বারী। সারা দেশের ছাত্রদল নেতাদের নিয়ে এই প্রতিনিধি সম্মেলন অনুষ্ঠিত হয়। ছাত্রদলের ৮৭ সাংগঠনিক জেলার সভাপতি ও সাধারণ সম্পাদকসহ সংগঠনের কেন্দ্রীয় নেতারা এতে অংশ নেন। মোট ২৫৪ প্রতিনিধি এতে অংশ নেন। প্রতিনিধি সম্মেলন ছাত্রদলের ইতিহাসে এই প্রথম। দুটি অংশে বিভক্ত করা হয় এই সম্মেলন। প্রথম অধিবেশনে উদ্বোধনী বক্তৃতা এবং দ্বিতীয় অধিবেশনে সাংগঠনিক বিষয় নিয়ে আলোচনা হয়। দ্বিতীয় অধিবেশনে তারেক রহমান ছাত্রদলের নেতাকর্মীদের দিকনির্দেশনামূলক পঞ্চমর্শ দেন। তার আগে তিনি নেতৃত্বের কাছ থেকে বিভিন্ন সমস্যার কথা শোনেন। সংগঠনকে তৃণমূল পর্যায়ে সংগঠিত করার জন্য ২০ মার্চ থেকে ছাত্রদলের সাংগঠনিক সফর শুরু হচ্ছে। আর এ জন্যই মূলত প্রতিনিধি সম্মেলন।

জাতীয় পতাকা উত্তোলন করে মান্নান ভূঁইয়া অনুষ্ঠান উদ্বোধন করেন। এ সময় দলীয় পতাকা উত্তোলন করেন সাহাবুদ্দিন লালু।

উদ্বোধনী ভাষণে মান্নান ভূঁইয়া বলেন, দেশের প্রতিটি আশোপানে যে ছাত্ররা অগ্রণী ভূমিকা পালন করেছে, সেই ছাত্র নেতৃত্বের প্রতি আশ্রয় জনগণের আস্থা নেই। এই আস্থাকে ফিরিয়ে আনতে হবে। তিনি বলেন, দেশের ভাবমূর্ত্তি বিনষ্ট করার জন্য একটি চক্র কাজ করছে। এই চক্রটি

দেশে-বিদেশে ষড়যন্ত্র করছে। আমেরিকা এ দেশের জনগণের জন্য রেজিষ্ট্রেশন প্রক্রিয়া চালু করেছে। ইউরোপীয় ইউনিয়ন ও ভারত দেশের বিরুদ্ধে নানা কথা বলছে। এ অবস্থায় দেশের ওপর এক ধরনের বিপদ চলছে। তাই অতীতের মতো এখনও ছাত্র সমাজকে দেশের বিরুদ্ধে সর্বশক্তি ষড়যন্ত্র মোকাবিলা করতে হবে। খন্দকার মোশাররফ হোসেন ছাত্রদলের অতীত ইতিহাস জুড়ে দরে বক্তৃতা করেন। তবে তিনিও বলেন, দেশের বিরুদ্ধে যে ষড়যন্ত্র চলছে তা রাজনৈতিক শক্তি দিয়েই মোকাবিলা করতে হবে। আমান উল্লাহ আমান দেশের ভাবমূর্ত্তি বিনষ্ট করার জন্য বিরোধী দলকে দায়ী করে বলেন, যতই ষড়যন্ত্র করুক না কেন লাভ হবে না। গতবার তারা পেয়েছে ৫৮ সিট, এবার তাও পাবে না। উদ্বোধনী অনুষ্ঠান শেষে শুরু হয় দ্বিতীয় অধিবেশন। রাত ১০টায়ে তা শেষ হয়।